

একটু শক্ত ঠেকে, সেখানটা বুঝিয়া নইবার জন্ত স্কুলে বইটা আনে। তা ছাড়া সে রোজ ২০ খানা বাহিরের বইএর শক্ত অংশ (passage) বুঝবার জন্ত বইগুলি স্কুলে আনে। একজন্ত তার বইএর বোঝা বেশী হয়, তাহাতে দোষ কি? আন্দোলনের চেষ্ঠা কি নিন্দনীয়?

একটু মনোযোগ দিয়া দেখিলে এই ধরণের আরও কত রকমের বিজ্ঞাপনের নমুনা পাওয়া যায়। 'বিস্তার বলিতে গেলে পৃথি বেড়ে যায়।'

শ্রীহরিসাধন গঙ্গোপাধ্যায়,
চতুর্থ বার্ষিক শ্রেণী।

নবীন তেজে।

অতীতের ব্যথা হৃদে যাহা আছে
যেতে দাও আজি চলিয়া—
নবীন তেজে, পূর্ণ আমোদে
উঠুক হৃদয় ভরিয়া।

স্বপ্নের স্বপন ভেঙ্গে গেছে যা'র
হৃদয় যাহার দুর্বল ভার,—
মুক্ত কর সে হৃদয়ের দ্বার—
উজ্জল পথ চাহিয়া—
অতীতের ব্যথা হৃদে যাহা আছে
যেতে দাও আজি চলিয়া।

অলস শয়নে শুয়েছে যে জন
উৎসাহ কি যে জানে না কখন

হ, হ, করে' সদা কাঁদে যা'র মন
উঠো সে আজিকে জাগিয়া—
অতীতের কথা ভাবিও না আর . /
যেতে দাও তা'রে চলিয়া।

(মোদের)
নব জীবনের এই তো প্রভাত
মধ্যাহ্ন মোদের হ'বে সমাপ্ত
এই ভেবে সবে কর্ণে হও রত
ভগবৎ-নাম স্মরিয়া—
পূর্ণ আমোদে ভবিষ্যের ছবি
লওগো আজিকে তুলিয়া।

শ্রীমতীশচন্দ্র বকসী,
দ্বিতীয় বার্ষিক শ্রেণী, "বি" শাখা।